# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২০০৫

পর্ব-৭: সওম (রোযা) (كتاب الصوم)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - সওম পবিত্র করা

## আরবী

عَن عَائِشَةَ: أَن النبي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: كَانَ يُقَبِّلُهَا وَهُوَ صَائِم ويمص لسنانها. رَوَاهُ أَبُو دَاوُد

## বাংলা

২০০৫-[৭] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে সায়িম অবস্থায় চুমু খেতেন এবং তিনি তাঁর জিহ্বা লেহন করতেন। (আবূ দাঊদ)[1]

## ফুটনোট

[1] য‘ঈফ : আবূ দাউদ ২৩৮৬, আহমাদ ২৪৯১৬, ইবনু খুযায়মাহ্ ২০০৩, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৮১০২। কারণ এর সানাদে মুহাম্মাদ ইবনু দীনার এবং সা‘ঈদ ইবনু আওস দু’জনই দুর্বল রাবী। আর মিসদা‘ মাজহূলুল হাল।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (يَمُصُّ لِسَانَهَا) ‘‘তিনি তার (‘আয়িশার) জিহবা লেহন করতেন।’’ মীরাক বলেনঃ সর্বসম্মত অভিমত এই যে, অন্যের থুথু গিলে ফেললে সিয়াম ভঙ্গ হয়ে যাবে। হাফেয ইবনু হাজার বলেনঃ অত্র হাদীসটি য‘ঈফ। যদি সহীহও হয় তবে এর অর্থ এই যে, তিনি তার থুথু গিলেননি। ফাতহুল ওয়াদূদ-এ বলা হয়েছে যে, এ জিহবা লেহন সিয়ামের অবস্থায় ছিল না। কেননা এতে উল্লেখ নেই যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা সিয়ামরত অবস্থায় করেছিলেন অথবা এর অর্থ এই যে, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তার (‘আয়িশার) থুথু ফেলে দিয়েছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56565

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন